গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

বিষয় ঃ **কারা সদর দপ্তরের মাসিক সমন্বয়সভার কার্যবিবরণী ঃ**

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | : | ০৪-০১-২০২১ সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান | : | সম্মেলন কক্ষ |
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মোমিনুর রহমান মামুন<br>এমবিবিএস,এমফিল,এমপিএইচ<br>কারা মহাপরিদর্শক |

সভাপতি সভার শুরুতে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় যে সকল বিষয় নিয়ে আলোচনা হয়েছে তা নিম্নরূপঃ

| নং | আলোচ্য বিষয়সমূহ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| ১. | বার্ষিক গোপনীয় প্রতিবেদন(ACR) যথাসময়ে প্রতিস্বাক্ষর না করা। | সংস্থাপন-১ শাখার শাখা প্রধান সভায় উপস্থাপন করেন যে, কারা উপ-মহাপরিদর্শক, সিনিয়র জেল সুপার, জেল সুপার এবং জেলারদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (ACR) প্রতিবেদনকারী অফিসারের স্বাক্ষরের পর উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রতিস্বাক্ষরের জন্য কারা অধিদপ্তরে প্রেরণ করেন। উক্ত এসিআরসমূহ কারা মহাপরিদর্শক মহোদয়ের প্রতিস্বাক্ষরের জন্য যথাসময়ে উপস্থাপন করা হলে উহা প্রতিস্বাক্ষর না করে দীর্ঘদিন ফেলে রাখা হয়। ইতোমধ্যে অনেক কর্মকর্তা বদলি হয়ে যাওয়ায় উক্ত বার্ষিক গোপনীয় প্রতিবেদনে কারা মহাপরিদর্শক মহোদয় এর প্রতিস্বাক্ষর গ্রহণ করা সম্ভব হয়নি। এর ফলে কর্মকর্তা/কর্মচারীগণের নির্দিষ্ট মেয়াদের এসিআর সংরক্ষণ এবং পদোন্নতি প্রদানের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হয় মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়াও প্রতিবেদনকারী অফিসার কর্তৃক বার্ষিক গোপনীয় প্রতিবেদন (ACR) প্রদানের ক্ষেত্রে যথাযথভাবে দায়িত্ব পালনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | পূর্বের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে কারা উপ-মহাপরিদর্শক, সিনিয়র জেল সুপার, জেল সুপার এবং জেলারদের মধ্যে মাত্র ৩৮ জন কর্মকর্তার বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রতিবেদনকারী অফিসারের স্বাক্ষরের পর সংশ্লিষ্ট কারা মহাপরিদর্শক মহোদয়ের নিকট হতে প্রতিস্বাক্ষর গ্রহণের জন্য প্রস্তুত করে ব্যক্তিগত সহকারী(পিএ) এর নিকট জমা দেয়া হয়েছে এবং অন্যান্য কর্মকর্তা/ কর্মচারীদের বকেয়া বার্ষিক গোপনীয় প্রতিবেদন (ACR) যদি থাকে তাদের এসিআরও দ্রুত প্রস্তত করে সংশ্লিষ্ট কারা মহাপরিদর্শক মহোদয়ের নিকট হতে প্রতিস্বাক্ষর গ্রহণের নিমিত্তে ব্যক্তিগত সহকারী(পিএ) এর নিকট জমা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | স্টাফ অফিসার/ ব্যক্তিগত সহকারী(পিত্র) কারা মহাপরিদর্শক মহোদয় এর দপ্তর। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২. | সকল শাখার চিঠিপত্র স্বাক্ষর /প্রতিস্বাক্ষর করণ; | সংস্থাপন-১ শাখার শাখা প্রধান সভায় উপস্থাপন করেন যে, কাজের বোঝা /পরিধি কমানোর জন্য চিঠির গুরুত্ব উপলব্ধি করে কোন কোন চিঠি কারা মহাপরিদর্শক/ অতিরিক্ত কারা মহাপরিদর্শক/ কারা উপ-মহাপরিদর্শক এবং সহকারী কারা মহাপরিদর্শকগণ স্বাক্ষর/প্রতিস্বাক্ষর করবেন তা নির্ধারণ করে দিলে কাজের চাপ অনেকাংশে কমে যাবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | পূর্বের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে কারা মহাপরিদর্শক বলেন, চিঠির গুরুত্ব উপলব্ধি করে কোন কোন চিঠি কে স্বাক্ষর/ প্রতিস্বাক্ষর করবেন তা নির্ধারনের জন্য কারা উপ-মহাপরিদর্শক এর নেতৃত্বে সকল কর্মকর্তাকে নিয়ে একটি কমিটি গঠনের মাধ্যমে চিঠিপত্র প্রতিস্বাক্ষরের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | কারা উপ-মহাপরিদর্শক (স:দ:) / সহকারী কারা মহাপরিদর্শক, (সকল)। | |
| ৩. | প্রশাসন এবং সংস্থাপন-২ শাখায় জনবলের তুলনায় রুম অত্যন্ত ছোট; | প্রশাসন ও সংস্থাপন-২ শাখার শাখা প্রধান সভায় উপস্থাপন করেন যে, কারা ভবনের তৃতীয় তলায় বিদ্যমান শাখা দুটি জনবলের তুলনায় অত্যন্ত ছোট। যার ফলে দৈনন্দিন কর্মসম্পাদনে অনেক সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। এ বিষয়ে কারা মহাপরিদর্শক মহোদয়ের দৃষ্টি আকর্ষন করা হলে তিনি সহকারী কারা মহাপরিদর্শ (উন্নয়ন) কে ৫ম তলার কাজের অগ্রগতির বিষয়ে সর্বশেষ অগ্রগতি ও কবে নাগাদ সম্পন্ন করা সম্ভব হবে এ বিষয়ে জানতে চাইলে সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) বলেন, পিডব্লিউডির ইঞ্জিনিয়ার এর সাথে কথা হয়েছে, দরপত্র পক্রিয়া সম্পন্ন করে দ্রুত কার্যক্রম গ্রহনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | পূর্বের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে কারা অধিদপ্তরের ৫ম তলার অসম্পন্ন কাজ দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে ইতিমধ্যে পিডব্লিউডি এর মাধ্যমে দরপত্র আহবান করা হয়েছে। উক্ত কাজ দ্রুত সম্পন্ন করে শাখাসমূহ সেখানে স্থানান্তরের করত: ফাইল সংরক্ষণের জন্য ৫ম তলার প্রতিটি শাখায় কিউবিক্যাল সিস্টেম কেবিনেট তৈরী করারও সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন)। | |
| ৪. | ক্যান্টিন চালু করণ; | কারা মহাপরিদর্শক গত তারিখে সরেজমিনে কারা অধিদপ্তরের নীচ তলায় বিদ্যমান বন্ধ ক্যান্টিনটি পরিদর্শন পূর্বক উহা পুনরায় চালু করার জন্য নির্দেশনা প্রদান করছিলেন। এ বিষয়ে কোন অগ্রগতি হয়েছে কিনা তা সভায় জানতে চাওয়া হলে সহকারী কারা মহাপরিদর্শক বলেন, উক্ত রুমে মালামালগুলো সরানো সম্ভব হয়নি বিধায় কোন অগ্রগতি করা সম্ভব হয়নি। অগ্রগতি না হওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় | পূর্বের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে বিদ্যমান ক্যান্টিনে পিডব্লিউডি কর্তৃক যে কাজগুলো সম্পন্ন করা হবে তা সময় স্বাপেক্ষ। তার আগে ক্যান্টিনটি কিভাবে পরিচালনা করা হবে নিজেরা চালাবেন নাকি বাহিরের কোন প্রতিষ্ঠানকে লীজ দেবেন সে বিষয়ে সহকারী কারা মহাপরিদর্শক(প্রশাসন) এর নেতৃত্বে একটি নীতিমালা তৈরী করে প্রাথমিক কাজগুলো সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয় যাতে পিডব্লিউডির কাজ শেষ করার সাথে সাথে ক্যান্টিনটি চালু করা সম্ভব হয়। | সহকারী কারা মহাপরিদর্শক, (প্রশাসন) | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫. | প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ; | কারা অধিদপ্তরে নবযোগদানকৃত ডেপুটি জেলার, সিভিল কর্মচারী এবং কারারক্ষী/ মহিলা কারারক্ষীদেরকে এখন ও কোন প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়নি। তাদেরকে মৌলিক প্রশিক্ষণ না দিয়ে কারাগারে সরাসরি কাজে লাগিয়ে দেয়া হয়। এতে তারা কি শিখবে। প্রশিক্ষণ প্রদানের বিষয়ে আমরা অনেক পিছিয়ে রয়েছি। অফিসিয়াল কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা ও কর্মচারীদের দক্ষ কর্মী হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে প্রশিক্ষণের কোন বিকল্প নেই। দ্রুত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | কারা অধিদপ্তরে নব যোগদানকৃত ডেপুটি জেলার, সিভিল কর্মচারী এবং কারারক্ষী/মহিলা কারারক্ষীদেরকে অফিসিয়াল কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা ও কর্মচারীদের দক্ষ কর্মী হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে প্রশিক্ষণের কোন বিকল্প নেই। প্রশিক্ষণের মডিউল তৈরী করে পর্যায়ক্রমে দ্রুত মৌলিক প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কারা মহা পরিদর্শক (প্রশিক্ষণ ও ক্রীড়া)। | |
| ৬. | মেডিকেল সেন্টার চালুকরণ; | কারা অধিদপ্তরের বাজেট অফিসার সভায় উপস্থাপন করেন যে, গত ১০-৩-২০১৯ তারিখে রাতে তিনি হঠাৎ মেসিভ হার্ট ফেইল এ আক্রান্ত হয়েছিলেন। তার স্ত্রী একা তাকে নিয়ে হাসপাতালে রওনা দেয়া সম্ভব হচ্ছিল না তখন দুইজন পরিচ্ছন্নতাকর্মীর সহায়তায় তাকে দ্রুত হাসপাতালে নেয়া হয় এবং পরবর্তীতে সুস্থ হয়ে বাসায় ফিরেন। তিনি বলেন কেহ অসুস্থ হলে তাৎক্ষনিক সহযোগিতা প্রদানের জন্য সেন্ট্রি ডিউটিতে একটি নাম্বার দেয়া থাকলে তাদের সহযোগিতায় একজন অসুস্থ রোগীকে দ্রুত হাসপাতালে নেয়া সম্ভব হবে। এ বিষয়ে কারা মহাপরিদর্শক বলেন, এটি ভাল প্রস্তাব। এখানে একটি মেডিকেল সেন্টার চালু করার জন্য আমি সিদ্ধান্ত নিয়েছিলাম। মেডিকেল সেন্টার চালু করার জন্য একটি ভাল জায়গা বাছাই করার প্রস্তাব করেন। তবে মেডিকেল সেন্টার চালু করার পূর্ব পর্যন্ত আপাততঃ পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এলাকায় কেপিকেএস ভবনের নিজ তলায় দু'টি রুম নির্ধারণ করে সেখানে কারা অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবারবর্গকে প্রাথমিক | কারা অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগন ও তাদের পরিবারবর্গকে চিকিৎসা সেবা নিশ্চিত করার জন্য পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এলাকায় একটি জায়গা বাছাই করে মেডিকেল সেন্টার স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত মেডিকেল সেন্টার স্থাপনের পূর্ব পর্যন্ত কারা অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগন ও তাদের পরিবারবর্গকে প্রাথমিক চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে আপাততঃ কেপিকেএস ভবনের নিচতলায় দুটি রুম নির্ধারণ করা হয়। উক্ত রুম দুটি পিডব্লিউডি এর মাধ্যমে দ্রুত প্রস্তুত করে একজন ডাক্তার ও একজন ফার্মাসিস্টকে নিয়োজিত করে চিকিৎসা সেবা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন/ প্রশাসন)। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | চিকিৎসা সেবা প্রদান করা যায় কিনা সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | | | |
| ৭. | শাখা বদলির মাধ্যমে জনবল সমন্বয় করে কাজ সম্পাদনকরণ ; | কারা অধিদপ্তরের পরিসংখ্যান শাখার শাখা প্রধান সভায় উপস্থাপন করেন যে, তার সেকশনে দু'জন কর্মচারীকে অন্য শাখায় বদলি করা হয়েছে। তার পরিবর্তে যাদেরকে দেয়া হয়েছে তাদের দ্বারা পরিসংখ্যান শাখার মত গুরুত্বপূর্ণ শাখায় কাজ পরিচালনা করা সম্ভব নয় । এ বিষয়ে কারা মহাপরিদর্শক মহোদয়ের দৃষ্টি আকর্ষন করা হলে তিনি বলেন, যে সকল শাখায় জনবলের সমস্যা রয়েছে সে সকল শাখায় জনবল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | পূর্বের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে কারা উপ-মহাপরিদর্শক এর নেতৃত্বে অন্যান্য কর্মকর্তা ও শাখা প্রধানদের নিয়ে নিজেরাই নিজেদের মধ্যে আলাপ আলোচনা করে জনবল পদায়ন ও সমন্বয়ের মাধ্যমে কাজ সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | কারা উপ-মহাপরিদর্শক (সঃ দঃ) | |
| ৮. | স্যাম্পল সংরক্ষণের জন্য একটি স্টোর রুম বরাদ্দকরণ ; | কারা অধিদপ্তরের ক্রয় শাখার শাখা প্রধান সভায় উপস্থাপন করেন যে, দরপত্রের মাধ্যমে ক্রয়ের উদ্দেশ্যে আহ্বায়িত মালামালের স্যাম্পল দীর্ঘ মেয়াদী ভাবে সংরক্ষণ করা হয়। উক্ত স্যাম্পল সংরক্ষণের জন্য কোন স্টোর রুম না থাকায় মালামাল নষ্ট হচ্ছে। একটি স্টোর রুম বরাদ্দের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | পূর্বের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে দরপত্রের মাধ্যমে ক্রয়ের উদ্দেশ্যে আহ্বায়িত মালামালের স্যাম্পল দীর্ঘ মেয়াদী ভাবে সংরক্ষণ করার জন্য একটি স্টোর রুম তৈরীর জন্য জায়গা বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) | |
| ৯. | পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এলাকায় প্রকল্পের বাহিরে খালি জায়গা চিহ্নিতকরণ এবং একটি মাস্টারপ্লান তৈরী করে মন্ত্রণালয়ে প্রেরণ; | "পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন" প্রকল্পের আওতায় বরাদ্দকৃত জায়গা ব্যতীত প্রকল্পের বাহিরে কোথায় কোথায় আমাদের খালি জায়গা রয়েছে সেগুলো চিহ্নিত করে উক্ত জায়গায় কি কি কাজ করা হবে সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | "পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন" প্রকল্পের আওতায় বরাদ্দকৃত জায়গা ব্যতীত প্রকল্পের বাহিরে কোথায় কোথায় কারাগারের খালি জায়গা রয়েছে সেগুলো চিহ্নিত করে উক্ত জায়গায় কি কি কাজ করা যেতে পারে তার একটি মাস্টারপ্লান তৈরী করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) | |
| ১০. | কারা বিভাগের অফিসিয়াল ফেসবুক পেজের আইডিতে কারা প্রশাসনের বিরুদ্ধে | কারা বিভাগের অফিসিয়াল ফেসবুক পেজ BANGLADESH PRISON ব্যতীত অন্যান্য ভূয়া ফেসবুক আইডি খুলে কারা বিভাগের কর্মকর্তা ও কর্মচারীগণ এবং কারাগারের | কারা বিভাগের অফিসিয়াল ফেসবুক পেজ BANGLADESH PRISON ব্যতীত অন্যান্য ভূয়া ফেসবুক আইডি খুলে কারা বিভাগের | প্রিজন্স সিকিউরিটি ইউনিট/আইসিটি সেল/আইন শাখা, কারা | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | বিভিন্ন মন্তব্য করায় তাদের বিরুদ্ধে ব্যবস্থগ্রহণ; | বাহিরে অন্যান্য ব্যক্তিগণ কারা বিভাগে কর্মরত কতিপয় কর্মকর্তা ও কর্মচারীদের বিরুদ্ধে এবং কারা প্রশাসনের বিরুদ্ধে বিভিন্ন বাজে মন্তব্য করে কারা বিভাগের ভাবমূর্তি ক্ষুন্ন করছেন এদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | কর্মকর্তা ও কর্মচারীগণ এবং কারাগারের বাহিরে অন্যান্য ব্যক্তিগণ কারা বিভাগে কর্মরত কতপয় কর্মকর্তা ও কর্মচারীদের বিরুদ্ধে এবং কারা প্রশাসনের বিরুদ্ধে বিভিন্ন বাজে মন্তব্য করে কারা বিভাগের ভাবমূর্তি ক্ষুন্ন করছেন। এ ধরণের দুষ্ট চক্রদেরকে চিহ্নিত করে তাদের বিরুদ্ধে সার্ভার ক্রাইম আইনে মামলা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | অধিদপ্তর,ঢাকা। | |
| ১১. | কারা কর্মকর্তা ও কর্মচারীদের ডিজিটাল ডাটাবেজ প্রস্তুতকরণ; | কারা বিভাগে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের যাবতীয় তথ্য যথাযথভাবে সংরক্ষণ না থাকায় চাহিদানুযায়ী কোন তথ্য সরবরাহ করা সম্ভব হয় না। কারা বিভাগে কর্মকর্তা ও কর্মচারীদর ডাটাবেজ তৈরী করা আছে কিনা এ বিষয়ে কারা মহাপরিদর্শক জানতে চাইলে সভায় বলেন,একজন কর্মকর্তা ডাটাবেজ এ ফরমেট তৈরী করেছেন তার কাজ থেকে একটি নমুনা সংগ্রহ করা যেতে পারে এবং ডাটাবেজ প্রস্তুতকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | কারা বিভাগে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের ডিজিটাল ডাটাবেজ প্রস্তুতকরণের নিমিত্তে ০৩(তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিলের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) | |
| ১২. | কারা কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য সংরক্ষণের জন্য রেকর্ড রুম প্রস্তুতকরণ ; | কারা বিভাগে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের ডিজিটাল ডাটাবেজ প্রস্তুতকরণ কাজ চলমান রয়েছে । যাবতীয় তথ্য সংরক্ষণের জন্য একটি রেকর্ড রুম তৈরীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | কারা বিভাগে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের যাবতীয় তথ্য যথাযথভাবে সংরক্ষণের জন্য একটি রেকর্ড রুম তৈরীর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) | |
| ১৩. | গমের পরিবর্তে আটা সরবরাহ করণ; | কারা বিভাগের কর্মকর্তা ও কর্মচারীগন তাদের প্রাপ্য গমের পরিবর্তে আটা সরবরাহের জন্য দীর্ঘদিন ধরে দাবী করে আসছেন। উক্ত দাবীর প্রেক্ষিতে কারা মহাপরিদর্শক বলেন, সংশ্লিষ্ট এলএসডি হতে সরবরাহকৃত গম কিভাবে এবং কোথায় ভাঙ্গানো যায় এবং প্রাপ্য গম থেকে কি পরিমান আটা সবররবাহ করা হবে এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | কারা বিভাগের কর্মকর্তা ও কর্মচারীগন তাদের প্রাপ্য গমের পরিবর্তে আটা সরবরাহের বিষয়ে পরবর্তী কারা উপ-মহাপরিদর্শকগণের সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হবে এবং একটি কমিটি গঠনের মাধ্যমে নীতিমালা তৈরী করে মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা ও কর্মচারীদের মতামত গ্রহণে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কারা মহাপরিদর্শক (অর্থ/প্রশাসন) | |
| ১৪. | কোভিড-১৯ প্রতিরোধে স্থানীয় | কারা মহাপরিদর্শক বলেন, কোভিড-১৯ এখন ২য় ধাপ শুরু | ইতোমধ্যে বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত মাস্ক, হ্যান্ড | সহকারী কারা মহাপরিদর্শক | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ব্যবস্থাপনায় মাস্ক ক্রয় ও বিতরণ; | হয়েছে এবং দিন দিন আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা বাড়ছে। আমাদের এবং আমাদের পরিবার ও সন্তানদের এ সময় সাবধানতা অবলম্বন করতে হবে। কোভিড-১৯ প্রতিরোধে ইতোমধ্যে কোন কোন প্রতিষ্ঠান স্বেচ্ছায় মাস্ক, হ্যান্ড সেনিটাইজার, গ্লাবস সরবরাহ করেছেন সেগুলো বিতরণ করা হয়েছে কিনা, তা ছাড়া স্থানীয় ব্যবস্থাপনায় মাস্ক ক্রয় ও বিতরণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সেনিটাইজার, গ্লাবস ইত্যাদি কর্মকর্তা ও কর্মচারীদের মাঝে বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | (প্রশিক্ষণ ও ক্রীড়া) /প্রশাসনিক কর্মকর্তা-১ | |

২। পরিশেষে সকল কর্মকর্তা ও কর্মচারীকে তাঁদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব অত্যন্ত নিষ্ঠার সাথে সম্পন্ন করার পরামর্শ প্রদান করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪.০১.২০২১

মোঃ মোমিনুর রহমান মামুন
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক।
বাংলাদেশ, ঢাকা।
ig@prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৩.০১৭.১৭-২২

তারিখ ঃ ৩০ পৌষ' ১৪২৭
১৪ জানুয়ারি'২০২১

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থেঃ

১। কারা উপ-মহাপরিদর্শক, ঢাকা বিভাগ, ঢাকা।
২। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক, কারা প্রশিক্ষণ ইনষ্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
৪। প্রশাসনিক কর্মকর্তা-১ ও ২/ বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৮। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক (স:দ:) মহোদয়ের সদয় অবগতির জন্যে।
৯। গার্ড ফাইল।

১৪/১/২১
মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহাপরিদর্শক।
ফোন- ৭৩০০৪৬৬ (দপ্তর)
aig.adm@prison.gov.bd